

## মানি লভারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট: [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ.এম.এল. সার্কুলার নং-২২/২০০৯

তারিখ : ০৮ বৈশাখ, ১৪১৬  
২১ এপ্রিল, ২০০৯

সকল তফসিলী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, মানিচেঞ্জার  
এবং অন্যান্য প্রতিষ্ঠান (সন্তাস বিরোধী আইন, ২০০৯ এর ২(১০) ধারা মোতাবেক)

প্রিয় মহোদয়গণ,

সন্তাস বিরোধী আইন, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক গৃহীত সন্তাস বিরোধী আইন, ২০০৯ ২৪ ফেব্রুয়ারী, ২০০৯ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভের মাধ্যমে বিগত ১১ জুন, ২০০৮ হতে কার্যকর হয়েছে। এই আইন কার্যকর হবার সঙ্গে সঙ্গে সন্তাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ রহিত করা হয়েছে। বাংলাদেশ গেজেটের (অতিরিক্ত সংখ্যা) মাধ্যমে জারীকৃত এই আইনের গেজেট কপি সংযুক্ত করা হ'ল।

২. এই আইনের নির্দেশনা পরিপালন নিশ্চিত করার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

৩. ২৯ জুন, ২০০৮ তারিখে ইস্যুকৃত এ.এম.এল. সার্কুলার নম্বর ১৭ উল্লিখিত আইনের কার্যকারিতার তারিখ হতে বাতিল বলে গণ্য হবে।

৪. অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : ৫ (পাঁচ) পাতা।

(ম. মাহমুজুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯